48

otal No. of Printed Pages—5

**4 SEM TDC BNL MIL (A) 1**

**2014**

( May )

# BENGALI

( MIL )

Course : 401

**( Arts )**

Time : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*৮০ মূল্যাঙ্কের ক, খ, গ এবং ঘ বিভাগ নিয়মিত পরীক্ষার্থীদের জন্য*

পূর্ণমান : 80

উত্তীর্ণমান : 32

*১০০ মূল্যাঙ্কের ক, খ, গ, ঘ এবং ঙ বিভাগ অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য*

পূর্ণমান : 100

উত্তীর্ণমান : 40

## ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'শ্রীকান্ত' উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) শাহ্জীকে কি সাপে কামড়েছিল?

(গ) ইন্দ্রনাথ কোন্ বাজনায় পারদর্শী ছিল ?

(ঘ) 'মেজদা'র প্রকৃত নাম কি ?

(ঙ) শ্রীকান্তের সঙ্গে কে শ্মশানে যেতে চেয়েছিল ?

(চ) ইন্দ্রনাথের দিদি কে ছিল ?

(ছ) বঙ্কুর সঙ্গে পিয়ারী বাইজীর সম্পর্ক কি ?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১১×২=২২

(ক) ইন্দ্রনাথ চরিত্রটি বিশ্লেষণ করে শ্রীকান্তের উপর তার প্রভাব সম্পর্কে আলোচনা কর।

(খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে করুণ ও কৌতুক উভয়প্রকার রসসৃষ্টিতে শরৎচন্দ্রের অসামান্য দক্ষতার পরিচয় দাও।

(গ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে রাজলক্ষ্মী চরিত্রটির মধ্যে যে জটিলতা ও অন্তর্দ্বন্দ্ব লক্ষ্য করা যায় তা চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও।

৩। সংক্ষেপে বর্ণনা কর (যে-কোন একটি) : ৪

(ক) শ্রীকান্তের মৎস্য অভিযান

(খ) শরৎচন্দ্রের অবিস্মরণীয় সৃষ্টি—'নতুনদা'

(গ) মেজদার তত্ত্বাবধানে শ্রীকান্ত ও তার দুই ভ্রাতার সন্ধ্যাকালে বিদ্যাভ্যাস





## খ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ৩০ )

৪। এক কথায় উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থটির প্রথমভাগ কবে প্রকাশিত হয় ?

(খ) মিরন্দা শেক্সপীয়রের কোন্ নাটকের চরিত্র ?

(গ) 'ব্রজাঙ্গনা' কাব্যটি কার রচনা ?

(ঘ) 'আমি প্রচারের একজন লেখক' এই লেখকটি কে ?

(ঙ) 'Paradise Lost'-এর রচয়িতা কে ?

(চ) শকুন্তলার পিতার নাম কি ?

৫। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১১×২=২২

(ক) "ওথেলো নাটক—শকুন্তলা এ হিসাবে উপাখ্যান কাব্য। ইহার ফল এই ঘটিয়াছে যে, দেস্‌দিমোনা চরিত্র যত পরিস্ফুট হইয়াছে—মিরন্দা বা শকুন্তলা তেমন হয় নাই।" এই মন্তব্যের যথার্থতা বিচার কর।

(খ) গীতিকাব্যকে বঙ্কিমচন্দ্র কোন্ শ্রেণীর কাব্যের অন্তর্ভুক্ত করেছেন ? তিনি যেভাবে গীতিকাব্যের সংজ্ঞা নির্দেশ করে নাটক-মহাকাব্যের সঙ্গে তার পার্থক্য দেখিয়েছেন তা আলোচনা কর।

(গ) 'ধর্ম এবং সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে উভয়ের পারস্পরিক সম্পর্ক সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের বক্তব্য নিজের ভাষায় ব্যক্ত কর।

৬। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৪

(ক) "যিনি সুকবি তিনিই সুগায়ক, ইহা অতি বিরল।" 'গীতিকাব্য' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিচার কর।

(খ) "উভয়েই ঋষি-পালিতা, দুইটিই বনলতা—দুইটিরই সৌন্দর্য্যে উদ্যানলতা পরাভূতা।" আলোচনা কর।

(গ) "এই মূর্ত্তি ধর্মের মূর্ত্তি নহে—একটা পৈশাচিক কল্পনা।" 'ধর্ম এবং সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে বক্তব্যটি সংক্ষেপে ব্যাখ্যা কর।

## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ১০ )

৭। মহাবিদ্যালয়ে আয়োজিত গ্রন্থ মেলায় যোগদান করার আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধু/বান্ধবীকে একখানা পত্র লেখ। ১০

*অথবা*

বিখ্যাত বাংলা দৈনিকে প্রকাশিত বেসরকারী সংস্থায় কম্প্যুটার দক্ষ করণিক (ক্লার্ক) পদের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন জানিয়ে কর্তৃপক্ষকে একখানি পত্র লেখ।

## ঘ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ১০ )

৮। যে-কোন একটি বিষয়ের উপর প্রবন্ধ রচনা কর : ১০

(ক) দেশ, সমাজ ও জাতি গঠনে সাহিত্য

(খ) শিক্ষাবিস্তারে গণমাধ্যম

(গ) বন ও বন্যপ্রাণী সংরক্ষণ

(ঘ) আসামের পর্যটন শিল্প





## ঙ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

৯। (ক) "একদিক দিয়া দেখিতে গেলে শ্রীকান্ত শরৎচন্দ্রের সর্বশ্রেষ্ঠ উপন্যাস।" সমালোচকের মন্তব্যের আধারে আলোচনা কর। ১২

*অথবা*

" 'শকুন্তলা, মিরন্দা ও দেস্‌দিমোনা' প্রবন্ধটি বঙ্কিমচন্দ্রের তুলনামূলক সমালোচনার প্রথম প্রয়াস।" আলোচনা কর।

(খ) "সাংসারিক সুখের জন্য আবশ্যক চিত্তশুদ্ধি; চিত্তশুদ্ধি থাকিলে ঐহিক ও পারত্রিক পরস্পর বিরোধী নহে; পরস্পরে পরস্পরের সহায়।" 'প্রকৃত এবং অতিপ্রকৃত' প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে ব্যাখ্যা কর। ৪

(গ) রাজলক্ষ্মীর ভৃত্য রতনের চারিত্রিক বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা কর। ৪

★★★